রঘুনাথগঞ্জ শাখায়

মাত্র ৭৫৲ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম

ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের

**বিশেষ কনশেসন**

ধনরাজ পিপাড়া

রঘুনাথগঞ্জ (সদরঘাট), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৪শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২রা জ্যৈষ্ঠ বুধবার, ১৩৭৪ ইং 17th May 1967 | ১ম সংখ্যা।



সকল ঘরের তরে...

**দীপ্তি** লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও ভরে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**

কেরোসিন কুকার

প্রস্তুতকারক:

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**খেলা ঘর**

স্কুল কলেজের নানাপ্রকার খেলাধুলার সরঞ্জাম,

সর্ব্বপ্রকার প্রসাধন সামগ্রী ও চা বিস্কুট পাইবেন।

পরীক্ষা প্রার্থনীয়।

কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর

রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ

স্টুডেন্টস ফেভারিট

স্কুল, কলেজ ও পাঠাগারের

মনের মত ভাল বই

সবচেয়ে সুবিধায় কিনুন।

STUDENTS' FAVOURITE

Phone—R.G.G. 44.

## জঙ্গিপুর সংবাদ এর মূল্য বৃদ্ধি

লোকের সর্ব্বপ্রকার নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য বৃদ্ধির সঙ্গে সঙ্গে ছাপাখানায় ব্যবহার্য্য অক্ষর, কালী প্রভৃতি সমস্ত রকম জিনিসের মূল্য অসঙ্গত-ভাবে বৃদ্ধি হওয়ায় আমরা আগামী জ্যৈষ্ঠ মাস হইতে **জঙ্গিপুর সংবাদ** এর বাৎসরিক মূল্য ২·২৫ পয়সা স্থলে ৩·০০ তিন টাকা ও প্রতি সংখ্যা দশ পয়সা করিতে বাধ্য হইলাম।

যে পরিস্থিতিতে এই মূল্য বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণে বাধ্য হইলাম, আশা করি আমাদের সহৃদয় গ্রাহক-গ্রাহিকা, পাঠক-পাঠিকা ও শুভানুধ্যায়ীগণ সকলে উহা উপলব্ধি করিবেন।

বিনীত—কর্ম্মাধ্যক্ষ

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২রা জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৭৪ সাল।

---

## একবার বিদায় দে মা মরে বাঁচি

--০—

বঙ্কিমচন্দ্রের কমলাকান্ত অহিফেন প্রসাদে অলৌকিক ব্যাপার দেখিতেন, শুনিতেন। কিন্তু পশ্চিমবঙ্গের প্রান্তসীমায় অবস্থিত জঙ্গিপুরের যে কোন সাধারণ মানুষ আজ অহিফেন প্রসাদ ছাড়াই রহিয়া রহিয়া উপরিলিখিত কলিটি গাহিতেছেন। গুটিকয়েক ভাগ্যবান ব্যতীত প্রত্যেকেই নাজেহালের দিনান্তে একান্তে বসিয়া ছিন্নপরিধেয়প্রান্তে সরিষার ফুল দর্শনক্ষম চক্ষুদ্বয় হইতে উদ্‌গত বাষ্পবারি মুছিয়া মরিয়া বাঁচিতে চাহিতেছেন।

অনটনের সংসারেও স্বর্গলোক থাকে। তবে বর্ত্তমান দিনগুলির বিচারে তাহা ভাঙ্গিয়া গিয়াছে। গতর-খাটান উপার্জ্জনের তিন-চতুর্থাংশ রেশনের খাদ্যে, অপরিহার্য দ্রব্য সংগ্রহের জন্য কালোবাজার নামক অন্যায্য মূল্যের ন্যায্য দাবী মিটাইতে, মুদির দোকানে ফুৎকারেই উড়িয়া যাইতেছে চতুর্থাংশ হাটে-বাজারে (অবশ্য মৎস্যের ব্যাপারে বাঙ্গালী জৈনধর্ম্ম গ্রহণ করিতেছেন), দুধ নামক সুদুর্লভ জল অপেক্ষাও তরল এক প্রকার বিলাসের বস্তুতে, ঔষধপত্রে, কাপড়-চোপড়ে………কাহার মাথা না ঝিমঝিম করিবে? সুপ্রভাতেই নিরীহ ভদ্রলোককে তাড়া খাইতে হয়—'আনাজ আন আজ'। ভাতে ভাত খাইয়া হাতে-ভাতে করার প্রবৃত্তি থাকে না। রসনার স্নায়ুগুলি এখনও বিকল হয়নি কি না।

ফড়িয়ারা বড় সদাশয়, বাজারের ভগবান। অনুগ্রহ করিয়া সবই রাখেন। ক্রেতাদের 'মামেক শরণং ব্রজ'-বাণী শোনান। ইহারা দুর্গতিবিধায়ক, যন্ত্রণাবর্দ্ধক, অযথা হয়রাণি অপসারক। তাঁহাদের অক্টোপাস-প্রভাব কাটাইয়া কোন বিক্রেতা সব্জীর ডালা লইয়া অন্যত্র বসিবার গোস্তাকী করিয়াছে; গোবেচারী ক্রেতারা কিঞ্চিৎ সুবিধার আশায় হুমড়ি খাইয়া পড়িয়াছেন ডালার উপর। কিন্তু হায়, পণ্য-মরীচিকা 'স্বপ্নো নু মায়া নু'। মরীয়া ফড়িয়ার লোক ডালাটি আড়তে স্থাপন করিলেন; দরও এক লাফে বাড়িল। আনাজ-মরুর পথিকের দল সতৃষ্ণনয়নে চাহিতেছেন। প্রতিবাদের ভাষা নাই; ভদ্র কি না! আক্কেলসেলামী ক্ষেত্রবিশেষে দিতে হয়। আর বিনা বাক্যব্যয়ে হঠাৎ স্ফীত মা-লক্ষ্মীর সুপুষ্ট অবৈধ সন্তানেরা থলি বোঝাই করিতেছেন মাছে-আনাজে। নবাগতেরা মাছের বাজারকে সজীব রাখিয়াছেন। এক দর; এ কদর সাধারণের বুদ্ধির বাহিরে। পোনার চিন্তা স্বপ্নের জাল বোনা। নেহাৎ রসনার স্বার্থে তোলে অবগাহনরত বিকৃত শ্বেত কুচোচিংড়ি কিনি একশত গ্রাম ৫০ পয়সায়। অবশ্য উহার স্বাভাবিক ওজন পঁচাত্তর গ্রামের বেশী হইবে না, ইহা পরীক্ষিত সিদ্ধান্ত।

প্রাক্তন ছাত্র ভূতনাথের বস্ত্রালয়ে একটি ধুতি ও একখানি শাড়ী কিনিতেছি। মূল্য শুনিয়া চক্ষু ছানাবড়া। 'কেন বাবা ভূতনাথ? 'এম-এম ৫১' এর এত দাম?' 'কাগজে দীনেশ সিং-এর ঘোষণা পড়েননি, স্যার?' —নির্লিপ্ত উত্তর। সাধ্য কি যে বলি, এই কাপড়ের প্রস্তুতির ছাপ এক বৎসর পূর্ব্বের। মজুত মালের দরও রাতারাতি বাড়ে? হ্যাঁ বাড়ে। চার টাকা আশি পয়সায় এক কিলো সরিষার তেল কিনিতেছিলাম; এক নিশাবসানে পাঁচ টাকা কুড়ি পয়সা কিলো হইয়াছিল। 'কি করবে মাষ্টারজী, ইউ, পি মেঁ সরকার বদলিয়েসে, সরসোঁ চালান মেঁ বহুৎ সয়তানী হো রহা হ্যায়। আপনাদের তকলীক হোয়। ইসলিয়ে তেল রাখা যায়। ইস্‌সে কুছ্ মুনাফা নহীঁ হ্যায়।' কি করিয়া থাকিবে? অনুসন্ধানে দেখিতে পাইবেন যে, এই দেশোয়ালী ভক্তটির গুদামে মার্চ্চ মাসের চালানের মজুত সরিষায় জুন মাস পর্যন্ত লোককে তেল দেওয়া যাইবে। আপনার পাওয়াটাই ভাগ্য। উহারা পাকা রুই এর গ্রাহক রাঘব বোয়াল। এখন নূতন দীক্ষামন্ত্র লইয়াছি—'একবার বিদায় দে মা মরে বাঁচি'।

---

## রাণাঘাটে পুলিশের গুলিতে তিনজন নিহত

গত ১৪ই মে রবিবার রাত্রে রাণাঘাট ষ্টেশনে আগত দুইজনকে (তাঁরা সম্পর্কে মাসতুতো ভাইবোন) রেল পুলিশ সন্দেহবশে থানায় নিয়ে গিয়ে অপমানিত ও লাঞ্ছিত করার অভিযোগে জনসাধারণ উত্তেজিত হয়ে উঠে। রবিবার শেষ রাত্রে ও সোমবার সকালে রাণাঘাট রেল ষ্টেশনে পুলিশের গুলিতে তিনজন মারা যান। পুলিশের কাঁদুনে গ্যাস, লাঠিচার্জ্জ ও জনতার ইটপাটকেল নিক্ষেপের ফলে আরও ৫০ জন আহত হয়েছেন। রাণাঘাট-শিয়ালদহ লাইনে ১৩ ঘণ্টা ট্রেণ চলাচল বন্ধ ছিল।

---

## ভগবানের বিচার

সংবাদে প্রকাশ—একজন মহিলা তাঁর তিন ছেলেমেয়েকে সঙ্গে নিয়ে হত্যা মামলায় অভিযুক্ত স্বামীর বিচার দেখবার জন্য আদালতে গিয়েছিলেন। পথিমধ্যে প্রবল ঝড় বৃষ্টি হওয়ায় এক গাছতলায় আশ্রয় লন। ঝড়ে গাছ উপড়ে শিশু তিনটি মারা যায়। বিচারে তাদের বাবার যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ হয়েছে।

---

## জঙ্গিপুর সংবাদের

### প্রতিষ্ঠাতা পূজনীয় শ্রীশরৎচন্দ্র পণ্ডিত মহাশয়ের জন্মদিন উপলক্ষে

জলপাইগুড়ি জেলার সাপ্তাহিক 'ডানপিটেদের সমাচার' পত্রিকায় পরিচালক রত্নাকর লিখেছেন—

### *তোমারে নমস্কার*

এই বাংলায় একটি পুরুষ
এখনও বাঙ্গালী আছে,
পরাধীনতার গ্লানি ভরা দিনে
সাহেব ঘেঁষেনি কাছে।

আত্ম-চেতন স্বাধীন চিত্ত
রসিক সুজন কে,
নগ্নপদ গাত্রাবরণে
বাঙ্গালীই আছে সে।

পরমশ্রদ্ধেয় শরৎ পণ্ডিত
দাদা-ঠাকুরের প্রতি,
জন্মদিনেতে রাখিনু আমরা
শ্রদ্ধাভরা এ নতি।

—রত্নাকর

---

"আনন্দবাজার পত্রিকায়" শ্রীরঞ্জিতবিকাশ বন্দ্যোপাধ্যায় মহাশয় লিখেছেন—

### *খাঁটি বাঙালী*

খাটো ধুতি পরা, গায়েতে উড়ুনী,
নির্ভীক মহাপ্রাণ;
অশ্রু ঝরেনি জীবনে তাঁহার
অসুখে হননি ম্লান।

হাজার হাজার ছেলেমেয়ে মাঝে
হাসির তুফান তুলে—
আকাশবাণীর শিশুর মহলে
ছিলে যে আপনা ভুলে।

কৃপা চেয়ে হাত পাতেনি কোথাও
তাইতো তাঁহাকে স্মরি—
গল্প কথাতে জানাই শ্রদ্ধা
শতায়ু কামনা করি।

---

## জঙ্গিপুর সংবাদের চতুঃ-পঞ্চাশত্তম বর্ষ-প্রবেশ

ভগবানের করুণায়, গুরুজনগণের আশীর্ব্বাদ ও শুভেচ্ছায়, গ্রাহক, পাঠক, হিতাকাঙ্ক্ষী ও বিজ্ঞাপনদাতৃগণের আনুকূল্যে **জঙ্গিপুর সংবাদ** ত্রি-পঞ্চাশত্তম (৫৩শ) বর্ষ অতিক্রম করিয়া চতুঃ-পঞ্চাশত্তম (৫৪শ) বর্ষে পদার্পণ করিল। এই নব বর্ষ-প্রবেশে আমরা ভগবচ্চরণে ও গুরুজন পদে প্রণতি জানাইয়া সকলের নিকট সসম্মান কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

আমরা কেবলমাত্র উদরান্নের সংস্থান করিবার জন্য সাপ্তাহিক "জঙ্গিপুর সংবাদ" প্রকাশ করি। আমাদের এই ক্ষীণকায় সাপ্তাহিকখানির এমন গ্রাহক ও বিজ্ঞাপনদাতা আছেন, যাঁহারা অদ্যাবধি এই সাপ্তাহিককে তাঁহাদের অনুকম্পা হইতে বঞ্চিত করেন নাই। তাঁহাদের অনুগ্রহেই সুদীর্ঘ চুয়ান্ন বৎসরকাল এই ক্ষুদ্র সাপ্তাহিক বাঁচিয়া আছে। বাংলা ১৩২১ সালের ৬ই জ্যৈষ্ঠ বুধবার এই কাগজখানি প্রথম বাহির হয়।

---

### *পশ্চিমবঙ্গের রাজ্যপাল*

সংবাদ-পত্রে প্রকাশ—আলিগড় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য নবাব আলি ইয়ার জঙ্গ পশ্চিমবঙ্গের রাজ্যপাল নিযুক্ত হ'য়েছেন।

---

### ঝড় বৃষ্টি

গত ১লা জ্যৈষ্ঠ মঙ্গলবার বেলা আন্দাজ ৩-৩০ ঘটিকার সময় এতদঞ্চলে ভীষণ ঝড় বৃষ্টি হইয়াছে। ঝড়ের বেগে বহু খড়ের ও টিনের ঘরের চালা উড়িয়া গিয়াছে। অনেক বাগানের আম পড়িয়া নষ্ট হইয়াছে। ঝড়ে বহু লোকের ক্ষতি হইয়াছে।

---

### *রঘুনাথগঞ্জে চাউলের দর*

বর্ত্তমানে রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে খোলা বাজারে চাউল প্রতি কেজি ১·৬০ পয়সা দরে বিক্রী হইতেছে। অনুরূপ কোন খাদ্যদ্রব্যই মিলিতেছে না।

---


### *মুর্শিদাবাদ ইনষ্টিটিউট্ অব টেকনোলজি*

কাশিমবাজার রাজ পোঃ,
বহরমপুর, পশ্চিমবঙ্গ

## ভর্ত্তির দরখাস্ত—১৯৬৭-১৯৬৮

১৯৬৭-৬৮ সালের মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল ও সিভিল ইঞ্জিনিয়ারিংএ (এল. এম. ই., এল. ই. ই. ও এল. সি. ই.) তিন বৎসরের ডিপ্লোমা পাঠক্রমে ভর্ত্তির জন্য নির্দ্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

প্রিন্সিপ্যালের অফিসে ৩. ৫. ৬৭ হইতে যে কোন কার্য্যের দিন বেলা ১১ হইতে বেলা ৩টা পর্য্যন্ত নগদ ৫০ পয়সা প্রদানে অথবা নিজস্ব ঠিকানা সম্বলিত ৩৫ পয়সা ডাক টিকিট সহ ২২৫ মিঃ মিঃ × ১০৫ মিঃ মিঃ মাপের খামের সহিত ৫০ পয়সা মনিঅর্ডার যোগে পাঠাইলেও দরখাস্ত ফরমের সহিত প্রসপেকটাস পাওয়া যাইবে।

দরখাস্ত ফরম যথাযথ পূরণপূর্ব্বক প্রিন্সিপ্যাল এম. আই. টি. বহরমপুরকে প্রাপক করিয়া দুই টাকা মূল্যের ক্রসড্ পোষ্ট্যাল অর্ডার সহযোগে ১৫ই জুন, ১৯৬৭ তারিখের মধ্যে প্রিন্সিপ্যালের অফিসে অবশ্যই পৌছান চাই।

১লা জানুয়ারী ১৯৬৭ তারিখে বয়স অবশ্যই ১৫ বৎসরের নিম্নে এবং ২০ বৎসরের উর্দ্ধে না হয়। (তপশিলী সম্প্রদায়ভুক্ত প্রার্থীর ক্ষেত্রে তিন বৎসর শিথিলযোগ্য)

লিখিত ভর্ত্তিপরীক্ষা এবং নির্ব্বাচক মণ্ডলীর কাছে সাক্ষাৎকারের ফলাফলের উপর নির্ভর করিয়া তিন বৎসরের ডিপ্লোমা পাঠক্রমের প্রথম বার্ষিক শ্রেণীতে ভর্ত্তি করা হইবে—যে পরীক্ষা, অনুমোদিত কোন বিদ্যায়তনের স্কুল ফাইনাল অথবা সমতুল্য কোন পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর জন্য উন্মুক্ত। যে প্রার্থী গত স্কুল ফাইনাল অথবা সমতুল্য পরীক্ষায় বসিয়াছে এবং উত্তীর্ণ হইবার সম্ভাবনা রাখে, সেও নির্দ্ধারিত তারিখে দরখাস্ত করিতে পারে। পরীক্ষার ফলাফল বাহির হইবার ১০ দিনের মধ্যে মার্কসিটের নকল অবশ্যই পাঠাইতে হইবে।

ভর্ত্তির পরীক্ষা ১৯৬৭ সালের ২৯শে জুন অনুষ্ঠিত হইবে।

হোষ্টেলে অল্পসংখ্যক সিট পাওয়া যাইতে পারে।

প্রিন্সিপ্যাল





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের
**আমলা** কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড. কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

সব রকমের মোটর গাড়ীর স্পেয়ার পার্টস পেতে হলে একবার জঙ্গীপুর রোড বার্ম্মা শেল পেট্রোল পাম্প সন্নিকটবর্ত্তী

**চৌধুরী মোটরস্-এ**

আসুন।

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

**পামারি**

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ৩·০০ তিন টাকা অগ্রিম দেয়, প্রতি সংখ্যা দশ পয়সা
বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১·০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।
ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।